# নিড্‌ল ব্যবহারের নীতিমালা

# POLICY FOR THE USE OF NEEDLE

পোশাক শিল্পে/ফ্যাক্টরীতে নিড্‌ল ব্যবহারের নীতিমালা অত্যন্ত গুরত্বের পালন করা হয়ে থাকে। কারণ কোন ক্রেতা (Buyer) সংস্থা কর্তৃক বাজারজাতকৃত পোশাকের মধ্যে স্বাস্থ্যের হানিকর কোন দ্রব্য দেখতে চান না। নিড্‌ল এর কোন অংশ পাওয়া গেলে Buyer এর বিরুদ্ধে মামলা হতে পারে ফলে ক্রেতা ও প্রস্তুতকারী প্রতিষ্ঠান উভয়কেই ব্যবসা হারানোর সম্ভাবনা রয়েছে। যার দরুন বিশেষ করে যুক্তরাষ্ট্রে বায়ার এর কাছ থেকে children safety সম্বন্ধে একটি শর্ত আরোপ করে থাকে যা পালন করা পোশাক প্রস্তুতকারী/সরবরাহকারীর জন্য অত্যন্ত জরুরী। নিড্‌ল এর সঠিক ব্যবহার নিশ্চিত করতে হলে নিম্নোক্ত নিয়ম পালন করতে হবেঃ

ক। ভাঙ্গা নিড্‌ল এর ব্যবস্থা (Administration/Management)

খ। ব্যবহৃত নিড্‌ল এর সংরক্ষন (Preservation of used Needles )

* **<u>ভাঙ্গা নিড্‌ল এর ব্যবস্থা (Administration/Management</u>)** : Buyer এর চাহিদা পূরন কিংবা নিজেদের খরচ কমানো/নিরাপত্তার জন্য নিম্নোক্তভাবে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করতে হবেঃ

ক। নিড্‌ল এর নমুনা মোতাবেক সঠিক মেশিনে ব্যবহার নিশ্চিত করতে হবে। তা না করলে ভাঙ্গার হার বেড়ে গিয়ে পোশাক প্রস্তুতের খরচ (Rate) বৃদ্ধি পাবে।

খ। ভাঙ্গা নিড্‌ল খোঁজে বের করার জন্য যাতে অধিক সময় ব্যয় করতে না হয় সেজন্য লাইন সুপারভাইজার কিংবা তদুর্ধ কর্মকর্তাগণ এবং অপারেটরগণকে তীক্ষ্ণ দৃষ্টি রাখতে হবে।

গ। ইউনিট সুপারভাইজার প্রতিনিয়ত দৃষ্টি রাখতে হবে যাতে কেউ অনুমোদিত সাইজের নিড্‌ল ইচ্ছে করলেই ব্যবহার করতে না পারে।

ঘ। ভাঙ্গা নিড্‌ল জমা দেওয়ার সময় সম্পূর্ন অংশটি থাকতে হবে। কোন অংশ পাওয়া না গেলে উক্ত মেশিনের আশে পাশে চুম্বক মেশিন দ্বারা তল্লাশি চালিয়ে বের করতে হবে। তারপরেও না পাওয়া গেলে, রেজিষ্টারে লিপিবদ্ধ করতে হবে এবং সংশ্লিষ্ট গার্মেন্টসকে নিড্‌ল ডিটেক্টর মেশিন দ্বারা পরীক্ষা করাতে হবে।

* **<u>ব্যবহৃত নিড্‌ল এর সংরক্ষণ (Preservation of Used Needles)</u>ঃ** যে যে কারণে ব্যবহৃত নিড্‌ল পরিবর্তন করার প্রয়োজন হয় তা নিম্নে উল্লেখ করা হলঃ

ক। একই নিড্‌ল দীর্ঘ সময় পর্যন্ত কাজ করলে তার ধার/তীক্ষ্ণতা (Sharpens) কমে যায় কিংবা মাথার অংশ বেঁকে যায়। এ ধরনের নিড্‌ল ব্যবহার করলে ওয়াশ এর পর কাপড়ের সুতা কেটে যেতে পারে অথবা ছিদ্র হয়ে যেতে পারে, তাই এর পরিবর্তন প্রয়োজন।

খ। দীর্ঘ সময় ব্যবহারের ফলে নিড্ল এর মাথা ভোতা/মোটা হয়ে গেলে পোশাকে মার্ক দেখা দিতে পারে। তাতে পোশাক রিজেক্ট (reject) হওয়ার সম্ভাবনা বেশী। এ ধরনের পরিস্থিতি হওয়ার পূর্বেই নিড্ল পরিবর্তন করে তা একটি স্বচ্ছ কোটার মধ্যে রাখতে হবে ।

## ভাঙ্গা নিডেল নিয়ন্ত্রন

## Broken Needle

ভাঙ্গা নিডেল অত্যান্থ বিপদজনক বস্তু। ইহা পণ্যের সাথে মিশে ক্রেতার ক্ষতিসাধন করে থাকে। তাই এ ব্যাপারে **ঢাকা গার্মেন্টস এন্ড ওয়াশিং লিমিটেড** এর কর্তৃপক্ষ অত্যান্ত সচেতন। নিডেল নিয়ন্ত্রনে নিন্ম লিখিত পদ্ধতি সমূহ অনুসরন করা হয়ঃ

০১। প্রত্যেক অপারেটর তাহার মেশিনের ধরন অনুযায়ী প্রযোজ্য নিডেল ব্যবহার করবে।

০২। কোন অপারেটরের কাছে কোন অবস্থাতেই অতিরিক্ত নিডেল থাকতে পারবে না।

০৩। নিডেল সংরক্ষক ব্যাতিত অন্য কেউ কোন ভাবেই নিডেল ইস্যূ করতে পারবে না।

০৪। ব্যবহৃত নিডেল জমা নেয়া ব্যতিত কোন প্রকার নিডেল ইস্যু করা যাবে না ।

০৫। ভাঙ্গা নিডেলের সকল অংশ না পাওয়া পর্যন্থ কোন নিডেল ইস্যু করা যাবে না ।

০৬। মেশিন রক্ষনাবেক্ষনকারী কর্মীগণ চুম্বকের সাহায্যে ভাঙ্গা অংশ খুজে বের করবে।

০৭। অনুমোদিত ব্যক্তি ব্যাতিত অন্য কেউ মেশিন হতে নিডেল খুলতে পারবে না।

০৮। দিনে ৩ বার অপারেটরগন স্বস্ব মেশিনের ভিতরের অংশ ভালভাবে পরীক্ষা করবে যাতে কোন ভাঙ্গা অংশ মেশিনে না থাকে।

- ১ম বার কাজ শুরু করার পূর্বে।
- ২য় বার মধ্যাহ্ন বিরতির পর কাজ শুরু করার পূর্বে।
- ৩য় বার কারখানা ছুটি হবার ৩০ মিনিট পূর্বে।

০৯। নিডেল সংরক্ষক ভাঙ্গা নিডেল এর অংশ সাথে সাথে নিডেল রেজিষ্টারে টেপ দ্বারা আটকাতে হবে।

১০। সুপারভাইজার/ মেকানিক ছাড়া কোন অবস্থাতেই অপারেটরকে নতুন নিডেল ইস্যু করা যাবে না।

উপরোক্ত প্রক্রিয়া পালনের জন্য সকলকে যথাযথভাবে পালন করার জন্য অনুরোধ করা হল।

## SHARP TOOLS USING POLICY

### ধারালো যন্ত্রাংশ ব্যবহার নীতিমালা

ফ্যাক্টরীতে বিভিন্ন কাজে ব্যবহৃত বিভিন্ন তীক্ষ্ণ যন্ত্রপাতি সমূহ প্রোডাকশনের জন্য যেমন প্রয়োজনীয় একইভাবে এ সকল যন্ত্রের তীক্ষ্ণতার জন্য এগুলোর ব্যবহার অনেকাংশেই ঝুকিপূর্ণ। ফ্যাক্টরীতে ব্যবহৃত এ সকল যন্ত্রপাতি

ব্যবহারের ক্ষেত্রে সাবধানতা অবলম্বন যেমন অপরিহার্য তেমন এ সকল যন্ত্রপাতি ব্যবহারের ক্ষেত্রে পার্সোনাল প্রোটেকটিভ ইকুইপমেন্ট এর ব্যবহার আবশ্যকীয়। অত্র ফ্যাক্টরীতে ব্যবহৃত তীক্ষ্ণ যন্ত্রপাতির হ্যান্ডলিং এর ক্ষেত্রে নিম্ন লিখিত কর্ম পদ্ধতি অনুসরন করা হবে।

**তীক্ষ্ণ যন্ত্রপাতির পরিচিতি ঃ-**

০১। সীজার
০২। কাটার
০৩। ভোমর
০৪। নাইফ (ফেব্রিক্স কাটিং)
০৫। পিন (ফেব্রিক্স পিনিং)
০৬। ব্লেড
০৭। নিডল ইত্যাদি।

**দূঘর্টনা প্রতিরোধমূলক ব্যবস্থা ঃ-**

০১। প্রশিক্ষন ঃ- ফ্যাক্টরীতে কর্মরত যে সকল শ্রমিক এবং কর্মচারী তীক্ষ্ণ যন্ত্রপাতি ব্যবহার করে থাকে তাদেরকে এসব যন্ত্রপাতি ব্যবহারের পদ্ধতি এবং সতর্কতা সম্পর্কে প্রশিক্ষনের মাধ্যমে সচেতন করতে হবে।প্রশিক্ষন কার্যক্রম নতুন যোগদানকৃত শ্রমিক কর্মচারী এবং পূরোনো শ্রমিকদের জন্য বাধ্যতামূলক করতে হবে। পরিবেশগত স্বাস্থ্য ও নিরাপত্তা কার্যক্রমের আওতাভূক্ত এসকল প্রশিক্ষনের রেকর্ড সংরক্ষন করতে হবে। এবং নির্দিষ্ট সময় পর পূনর্মূল্যায়ন করতে হবে।

**আত্নরক্ষামূলক সরঞ্জামাদি ঃ-**

তীক্ষ্ণ যন্ত্রপাতি ব্যবহারের সময় দূর্ঘটনা এড়ানোর জন্য আত্নরক্ষামূলক সরঞ্জামাদি ব্যবহার নিশ্চিত করতে হবে। এ বিষয়ে নিম্নলিখিত কর্মপদ্ধতি অনুসরন করতে হবে।

০১। ফ্যাক্টরীর কাটিং সেকশনের হ্যান্ড কাটিংয়ের সাথে সংশ্লিষ্ট কাটার ম্যানকে যথাযথ মাপের ধাতব গ্লোভস সরবরাহ করতে হবে। এবং কাজের সময় এর ব্যবহার নিশ্চিত করতে হবে।

০২। কর্মকালীন ব্যবহৃত সীজার, কার্টার এবং ভোমর অবশ্যই যথাযথ মাপের ফিতা / রশি দিয়ে বেধে রাখতে হবে যাতে এগুলো অসাবধানতা বশতঃ পড়ে গিয়ে দূঘর্টনা সৃষ্টি করতে না পারে। সীজার কাটার এবং ভোমরের সাথে ব্যবহার কারীর নাম এবং কার্ড নং সংযুক্ত করতে হবে।

০৩। কাটিং এ ফেব্রিক্স পিনিং এর সময় সতর্কতামূলক নোটিশ টানিয়ে রাখতে হবে।

০৪। সুইং মেশিনে কাজ করার সময় অবশ্যই নিডেল গার্ড এবং আই গার্ড ব্যবহার করতে হবে। কোন নিডেল ভেঙ্গে গেলে তৎক্ষনিক ভাংগা অংশ গুলো ষ্টোরে জমা দিয়ে নতুন নিডেল সংগ্রহ করতে হবে। নিডেলের কোন অংশ খুজে না পাওয়া গেলে নিডেল সাচিং চৌম্বক ক্ষেত্রে দিয়ে ভাল ভাবে চেক করতে হবে। চেকিং এ নিডেল সনাক্ত করতে ব্যর্থ হলে উক্ত গার্মেন্টস টি নিডেল ফেইলিউর বক্সে সংরক্ষন করতে হবে।

**মেটাল ডিটেক্টর চেকিং ঃ-**

ফ্যাক্টরীতে উৎপাদিত দ্রব্য সামগ্রী প্যাকিং এর পূর্বে মেটাল ডিটেক্টর মেশিনের সাহায্য চেকিং নিশ্চিত করতে হবে। এছাড়া অন্যান্য যে কোন তীক্ষ্ণ যন্ত্রপাতি ব্যবহারের ক্ষেত্রে প্রয়োজনীয় সতর্কতা শতভাগ অবলম্বন করতে হবে।

**সময়, অবস্থা ও পরিবেশের সহিত ভারসাম্য বজায় রেখে উক্ত পলিসি, প্রসিডিউর এবং বাস্তবায়ন প্রক্রিয়া আপডেট করা হইয়াছে এবং উক্ত নীতিমালা কর্তৃপক্ষ যে কোন সময়ে পরিবর্তন এবং পরিবর্ধণ করার ক্ষমতা রাখে।**